সংবাদ

তারিখ: 03 JUN 2016
পৃষ্ঠা ২-১৬ কলাম ৩

বরগুনার আমতলীতে

# স্কুলছাত্রী ধর্ষিত ২ ধর্ষক গ্রেফতার

**প্রতিনিধি, আমতলী**

বরগুনার আমতলী উপজেলার বালিয়াতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর ছাত্রী (১২) গণধর্ষণের শিকার হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। এ ঘটনায় বুধবার রাতে আমতলী থানায় চারজনকে আসামি করে মামলা করেছে। পুলিশ জিয়া উদ্দিন শুভ ও মুছা মিয়া নামের দুই ধর্ষককে আটক করেছে।

পুলিশ ও পরিবার সূত্রে জানা গেছে, উপজেলার দক্ষিণ বালিয়াতলী গ্রামের নানার বাড়িতে থেকে মেয়ে বালিয়াতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তৃতীয় শ্রেণীতে লেখাপড়া করতো। ঘটনার দিন (মঙ্গলবার) বিকেলে বালিয়াতলী দাখিল মাদ্রাসাসংলগ্ন মাঠে ছাগল চড়াতে যায়। এ সময় জিয়া উদ্দিন শুভ, মুছা মিয়া, রিয়াজ ও রাসেল তাকে ধরে মাদ্রাসার পশ্চিম পাশের একটি টিন সেটের কক্ষে নিয়ে জোরপূর্বক গণধর্ষণ করেছে বলে অভিযোগে উল্লেখ করা হয়। মেয়ের চিৎকারে স্থানীয় লোকজন ছুটে আসলে ধর্ষকরা পালিয়ে যায়। পরে মেয়েকে উদ্ধার করে আমতলী হাসপাতালে ভর্তি করা হয়। এ ঘটনায় আমতলী থানায় মেয়ের মা মর্জিনা বেগম বাদী হয়ে ৪ জনকে আসামি স্কুলছাত্রী : পৃষ্ঠা : ২ ক : ৩

## স্কুলছাত্রী : ধর্ষিত

(১৬ পৃষ্ঠার পর)

করে মামলা করেছে। পুলিশ ওই ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে জিয়া উদ্দিন শুভ ও মুছা মিয়াকে গ্রেফতার করেছে। মেয়েটির ডাক্তারি পরীক্ষা বরগুনা জেনারেল হাসপাতালে সম্পন্ন হয়েছে। বৃহস্পতিবার আমতলী সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বৈজয়ন্ত বিশ্বাসের আদালতে ২২ ধারায় মেয়ের জবানবন্দি রেকর্ড করা হয়। বৃহস্পতিবার পুলিশ আটকৃতদের আদালতে সোপর্দ করে। বিজ্ঞ বিচারক তাদের জামিন আবেদন নামঞ্জুর করে জেল হাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য, মেয়ের মা ও বাবা ঢাকায় দিন মজুরের কাজ করে। মেয়েটির বাবার বাড়ি নড়াইল জেলার রঘুনাথপুর গ্রামে।

মেয়ের মা মর্জিনা বেগম জানান, আমার মেয়েকে দীর্ঘদিন ধরে এ চার বখাটে উত্ত্যক্ত করে আসছিল। আমার মেয়ে ওদের কথায় রাজি না হওয়াতে জোর পূর্বক গণধর্ষণ করেছে। আমতলী স্বাস্থ্য কমপ্লেক্সের সহকারী চিকিৎসক হারুন-অর-রশিদ জানান, মেয়েটিকে আমতলী হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার চিকিৎসা চলছে। আড়পাঙ্গাশিয়া ইউপি চেয়ারম্যান একেএম নুরুল হক জানান, ঘটনা সত্য, মেয়ের চিকিৎসা ও আইনগত সহায়তার ব্যবস্থা নেয়া হয়েছে। আমতলী থানার উপ-পরিদর্শক মাসুদ জানান, এ ঘটনায় থানায় মামলা হয়েছে। দু'জনকে আটক করা হয়েছে। পলাতক অপর দু'জনকে গ্রেফতারের চেষ্টা চলছে।